শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং রেজিঃ/০৪(৮৯৪)/৫/৩৬৬ তারিখ : ২৭ এপ্রিল, ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের অধ্যাপকের স্থায়ী ০১(একটি) টি পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৫৬,৫০০-৭৪,৪০০/- (গ্রেড: ৩)

**আবেদনের শেষ তারিখ : ১১ জুন, ২০২৬**

### আবেদনের প্রক্রিয়া:

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব ডকুমেন্ট আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৬০০/= (ছয়শত) টাকা ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র (জ) সকল প্রকাশনার কপি (ঝ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঞ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য।

### যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন'অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

আবেদন সাবমিট করার পর অনলাইনে/ সরাসরি আর কোন ডকুমেন্ট দাখিল করার সুযোগ নেই। নির্ধারিত সময়ের পর কোন আবেদন সাবমিট করা যাবে না।

২৮.৪.২৬

(সৈয়দ সলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

Scanned with CamScanner

**অধ্যাপক পদে নিয়োগ/আপগ্রেডেশন সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা :**

প্রার্থীদের সর্বমোট ২০ (বিশ)বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫(পাঁচ) বছর, (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে **১(এক)বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা[*৮]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ[*৮]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ০৬ (ছয়)টি প্রকাশনা[*৯] থাকতে হবে। তম্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই)টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী মোট চাকরিকাল বা পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতার মেয়াদ থেকে সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

**অথবা**

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনষ্টিটিউট থেকে এমফিল বা নূন্যতম ৩(তিন)সেমিস্টার ব্যপ্ত মাস্টার্স ডিগ্রি বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রি বা সমমান ডিগ্রিসহ ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান)বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫ (পাঁচ) বছর (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে ১ (এক) **বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা[*৮]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ[*৮]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৬ (ছয়)টি প্রকাশনা[*৯] থাকতে হবে। তম্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই)টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী মোট চাকরিকাল বা পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতার মেয়াদ থেকে সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

**অথবা**

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনষ্টিটিউট থেকে পিএইচডি বা সমমান ডিগ্রিসহ ১২ (বার) বছরের স্নাতক (সম্মান)বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে ১ **(এক)বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা[*৮]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ[*৮]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট)টি প্রকাশনা[*৯] থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে।

**অথবা**

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করেছেন তাঁদের ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা[*৮]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ[*৮]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা[*৯] থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

**অথবা**

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রি নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে যোগদান করেছেন তাঁদের ১১ (এগার) বছর এবং যারা প্রভাষক হিসেবে যোগদানের ক্ষেত্রে পিএইচ.ডি বা সমমান ডিগ্রীকে ন্যূনতম যোগ্যতা হিসাবে কাজে লাগিয়েছেন তাদের ক্ষেত্রে ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা[*৮]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ[*৮]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*৮] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট)টি প্রকাশনা[*৯] থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

***চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা**

[*৮] সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক পদের ১০০% অভিজ্ঞতা এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজ/সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সহযোগী অধ্যাপক বা সমমানের পদের অভিজ্ঞতার সময়কালের ৫০% গণ্য করা হবে। তবে গণনাকৃত অভিজ্ঞতা অধ্যাপক পদের ন্যূনতম অভিজ্ঞতার সময়কালের (১২ বছর)বেশি হবে না। এই অভিজ্ঞতাই পরবর্তী সকল পদে প্রমোশন বা আপগ্রেডেশনের ক্ষেত্রে ব্যবহৃত হবে। সক্রিয় চাকরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা, অনুমোদিত শিক্ষা ছুটি (বিশেষ ছুটি ব্যতীত সবেতনে ও বিনাবেতনে শিক্ষাছুটি) ও স্যাবাটিক্যাল ছুটি কে বোঝাবে।

[*৯] প্রকাশনা বলতে দেশে-বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বোঝাবে।

[*১০] প্রতিটি পেটেন্ট/বুক চ্যাপ্টার একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে। বুক চ্যাপ্টারের ক্ষেত্রে সর্বোচ্চ দুটি বিবেচিত হবে।

[*১১] বুক চ্যাপটার বলতে স্বীকৃত গবেষণা/প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপটার বোঝাবে।

২৮.৪.২৬

রেজিস্ট্রার

Scanned with CamScanner